

ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলার কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটির জুলাই/২০২১ ইং মাসে অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী :-

সভাপতি :- জনাব মোঃ লোকমান হোসেন

তারিখ :- ১২/০৭/২০২১ খ্রি.

সময় :- সকাল- ১০.৩০ ঘটিকা

স্থান :- ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতি অধ্যকার সভা পরিচালনার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ জানান। উপজেলা কৃষি অফিসার পূর্ব সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন।

সভায় উপস্থিত সদস্য বৃন্দ :

ক্রমিক	নাম	পদবী	স্বাক্ষর
০১	জনাব মোঃ লোকমান হোসেন	ভাইস চেয়ারম্যান (পুরুষ)	স্বাক্ষরিত
০২	জনাব শফিকুল ইসলাম ভূঞা	উপজেলা কৃষি অফিসার	স্বাক্ষরিত
০৩	জনাব ডাঃ মোহাম্মদ শাহজালাল	উপজেলা প্রাণীসম্পদ অফিসার	স্বাক্ষরিত
০৪	জনাব আল-আমিনুল হক পাভেল	চেয়ারম্যান, মাছিহাতা ইউপি	স্বাক্ষরিত
০৫	জনাব তাজুল ইসলাম	চেয়ারম্যান, মজলিশপুর ইউপি	স্বাক্ষরিত
০৬	জনাব মোঃ জয়নাল উজ্জামান	কৃষক প্রতিনিধি	স্বাক্ষরিত
০৭	জনাব মোঃ শামসুল হক মিল্লাত	কৃষক প্রতিনিধি	স্বাক্ষরিত

বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১। রোপা আমনের নতুন জাতের সম্প্রসারণ	২০২১-২২ অর্থ বছরে খরিপ-২ মৌসুমে সদর উপজেলায় প্রায় ৯৮০৫ হে: জমিতে রোপা আমনের আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। এ বছর আমন মৌসুমে নতুন নতুন রোপা আমনের জাত যেমন: ব্রিধান ৬৪, ৭০, ৭৫ এবং বিনা ধান ১২, ১৬, ১৭ জাত গুলো সম্প্রসারণের জন্য কর্মসূচী গ্রহণ করা হয়েছে। ভিত্তি বীজ ক্রমের মাধ্যমে কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ উৎপাদনের জন্য বিতরণ করা হবে।	ব্রিধান ৭৫ ও বিনা ধান ১৭ জাতের সম্প্রসারণ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।	উপজেলা কৃষি অফিসার
২। সম্পূরক সেচ পরিস্থিতি	আসন্ন আমন মৌসুমে সম্পূরক সেচ প্রদানকরার জন্য বিভিন্ন রকম সেচ যন্ত্র চালু রাখা অত্যন্ত জরুরী। সেচ যন্ত্র চালু করার জন্য বিদ্যুৎ সংযোগ অত্যাবশ্যিক। এজন্য আমন মৌসুমে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ প্রবাহের জন্য সভাপতি জনাব মোঃ মহসিন মিয়া ডিজিএম, পল্লী বিদ্যুৎ, ব্রাহ্মণবাড়িয়াকে অনুরোধ করেন।	উপসহকারী কৃষি কর্মকর্তা বিভিন্ন এলাকায় সম্পূরক সেচ প্রদানের জন্য চাষীদের গুরুত্ব সম্পর্কে আলোচনা করবেন।	ডিজিএম, পল্লী বিদ্যুৎ ও উপজেলা কৃষি অফিসার
৩। বিবিধ	সারের কোন সংকট নাই। আমন ধানের বীজ এবং সারের মজুদ সন্তোষজনক। গুটি ইউরিয়া ও এলসিসি ব্যবহারের মাধ্যমে সারের শাশয়ের ব্যাপারে আলোচনা হয়।	সারের বাজার স্থিতিশীল রাখার জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়।	উপজেলা কৃষি অফিসার

সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।



(মোঃ লোকমান হোসেন)

ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটি

উপজেলা পরিষদ, সদর, ব্রাহ্মণবাড়িয়া

তারিখ-১২/০৭/২১ খ্রি.

স্মারক নং- ১২.১৮.১২১৩.০৩৯.০৬.০১৫.১৩.

অনুলিপি :-

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সদর, ব্রাহ্মণবাড়িয়া

২। উপজেলা নির্বাহী অফিসার, সদর, ব্রাহ্মণবাড়িয়া

৩। উপজেলা অফিসার ও সদস্য, কৃষি ও সেচ বিষয়ক স্থায়ী কমিটি, সদর, ব্রাহ্মণবাড়িয়া

৪। ডিজিএম, পল্লী বিদ্যুৎ, সদর, ব্রাহ্মণবাড়িয়া

৫। জনাব

৬। চেয়ারম্যান..... ইউ/পি, সদর, ব্রাহ্মণবাড়িয়া



(শফিকুল ইসলাম ভূঞা)
উপজেলা কৃষি অফিসার
সদর, ব্রাহ্মণবাড়িয়া